



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০০৭.২০১৫-১৩৬৩

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার ০১নং মইলাকান্দা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: রিয়াদুজ্জামান রিয়াদ দস্তবিধির- ১৪৩ /৩২৫/ ৩২৬/ ৩০৭/ ৩০২/১১৪/৩৪ ধারায় তাঁর বিরুদ্ধে গৌরীপুর থানায় দায়েরকৃত মামলা নং- ২২, তারিখ: ১৯/১০/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, ময়মনসিংহ বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার ০১নং মইলাকান্দা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: রিয়াদুজ্জামান রিয়াদ দস্তবিধির- ১৪৩ /৩২৫/ ৩২৬/ ৩০৭/ ৩০২/১১৪/৩৪ ধারায় তাঁর বিরুদ্ধে গৌরীপুর থানায় দায়েরকৃত মামলা নং- ২২, তারিখ: ১৯/১০/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার ০১নং মইলাকান্দা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: রিয়াদুজ্জামান রিয়াদ কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০০৭.২০১৫-১৩৬৩

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: রিয়াদুজ্জামান রিয়াদ, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), মইলাকান্দা ইউনিয়ন পরিষদ, গৌরীপুর, ময়মনসিংহ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।


(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০০৭.২০১৫-১৩৬৪

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭
১০ ডিসেম্বর ২০২০

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: রিয়াদুজ্জামান রিয়াদ, চেয়ারম্যান, ০১নং মইলাকান্দা ইউনিয়ন পরিষদ, গৌরিপুর, ময়মনসিংহ-কে দন্ডবিধির- ১৪৩ /৩২৫/ ৩২৬/ ৩০৭/ ৩০২/১১৪/৩৪ ধারায় আপনার বিরুদ্ধে গৌরিপুর থানায় দায়েরকৃত মামলা নং-২২, তারিখ: ১৯/১০/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় জেলা প্রশাসক, ময়মনসিংহ এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১০ ডিসেম্বর, ২০২০ তারিখের ১৩৬৩ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, ময়মনসিংহ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ই-মেইল: up1lgd@gmail.com

জনাব মো: রিয়াদুজ্জামান রিয়াদ
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত)
মইলাকান্দা ইউনিয়ন পরিষদ
গৌরিপুর, ময়মনসিংহ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গৌরিপুর, ময়মনসিংহ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।